



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪০.২৪.৩৮৬

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১

২৪ এপ্রিল ২০২৪

বিষয়: অ্যাটর্নি জেনারেলের কার্যালয়-এর সাথে যোগাযোগ সাপেক্ষে রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪ মোকদ্দমায় প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: (১) ৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০৫.২৪-২৮৪, ইউপি-১ শাখা; তারিখ-২৮/০৩/২০২৪ খ্রি.

(২) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪-এর ১১/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন চাম্বল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মুজিবুল হক চৌধুরী-কে গত ২৭/০২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০৫.২৪-১৬৩ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মুজিবুল হক চৌধুরী সংস্কৃক হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০২(দুই) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, জামালপুর-কে ২নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ৪নং প্রতিপক্ষসহ মোট চার জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়-এর সাথে যোগাযোগ সাপেক্ষে বিবেচ্য মোকদ্দমায় প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8788/potrojariAttachmentRef/53701/0/2240)

৩০-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব এম. এ. সালাউদ্দিন ইক্সান্দার কিং, বিজ্ঞ প্যানেল আইনজীবী,
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪০.২৪.৩৮৬/১(৫)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১

২৪ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৩০-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব